দৈনিক আমাদের সময়

24 JAN 2017

# দুই মন্ত্রীকে নিয়ে কটূক্তি স্কুলশিক্ষকের বিরুদ্ধে মামলা

**চট্টগ্রাম ব্যুরো** ● সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের এবং শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদকে নিয়ে ফেসবুকে কটূক্তির অভিযোগে মোহাম্মদ আলী (৫০) নামে এক স্কুলশিক্ষকের বিরুদ্ধে মামলা করা হয়েছে। তথ্যপ্রযুক্তি আইনের ৫৭ ধারায় গতকাল সোমবার চট্টগ্রাম মহানগর হাকিম আবু ছালেম মোহাম্মদ নোমানের আদালতে মামলাটি দায়ের করেন মোহাম্মদ ইকবাল নামে এক আওয়ামী লীগ নেতা।

মোহাম্মদ আলী নগরীর বন্দর থানাধীন মেহের আফজল উচ্চ বিদ্যালয়ের সিনিয়র শিক্ষক। মামলার আরজিতে মোহাম্মদ আলীকে বন্দর থানা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক হিসেবে উল্লেখ করা হয়েছে। বাদীর আইনজীবী একেএম. আজহারুল ইসলাম বলেন, ২০১৫ সালের ৮ অগাস্ট থেকে ২০১৬ সালের ৫ ফেব্রুয়ারি সময়ের মধ্যে মন্ত্রী ওবায়দুল কাদের ও নুরুল ইসলাম নাহিদকে নিয়ে ফেসবুকে কটূক্তি করেছেন মোহাম্মদ আলী।